

বাংলাদেশ শিপিং কর্পোরেশন  
চট্টগ্রাম

সূত্র নং- ১৮.১৬.০০০০.৩৫২.৯৯.১৭৬.১৭.-২৫১

তারিখঃ ২৪-০১-২০১৮খ্রিঃ

বিষয়ঃ- জাতীয় শুদ্ধাচার কৌশল সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ বেগম ইয়াসমিন আফসানা নির্বাহী পরিচালক (অর্থ)।
সভার তারিখ ও সময়	ঃ ২৪.০১.২০১৮খ্রিঃ সময়ঃ সকাল ১১:৩০ ঘটিকা।
সভার স্থান	ঃ কনফারেন্স রুম, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
সভার উপস্থিত সদস্যবৃন্দ	ঃ পরিশিষ্ট “ক”।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব, মহাব্যবস্থাপক (প্রশাসন) জনাব মোঃ নওয়াব আসলাম হাবীব সভাকে অবহিত করেন যে, কর্মকর্তা-কর্মচারীদের নীতি-নৈতিকতার মান উন্নয়নের জন্য উদ্বুদ্ধকরণের বিষয়ে প্রতি মাসে সভা অনুষ্ঠিত হচ্ছে। তিনি গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনাকালে জানান আগামী এক সপ্তাহের মধ্যে নিম্নোক্ত শ্লোগান দুটির প্রিন্ট সম্পন্ন হবে।

- ১) হালাল রুজি ব্যতীত কোন এবাদত কবুল হয় না।
- ২) মানুষের জন্য সবচেয়ে কঠিন কাজ হলো মানুষ হওয়া।”

০২। সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, শুদ্ধাচার, ইনোভেশন, আরটিআই সবগুলোই বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতাভুক্ত। তিনি বলেন, মন্ত্রণালয়ের নির্দেশনা হচ্ছে দাপ্তরিক সকল কাজে ইউনিকোড ব্যবহার করতে হবে। এ বিষয়ে আলোচনা হয় এবং আলোচনান্তে সভাপতি বলেন আগামী ১৫ ফেব্রুয়ারীর মধ্যে দাপ্তরিক কাজে ইউনিকোডে নিকস ফন্ট ব্যবহার নিশ্চিত করতে হবে।


০৩। সভাপতি বলেন সততা, নৈতিকতা, আচরণের উৎকর্ষতা হলো শুদ্ধাচার। তিনি বলেন মানবসত্তার মর্যাদা দিতে হবে। নাগরিকদের সুযোগের সমতা দিতে হবে এবং সবাইকে স্বচ্ছ পরিবেশে Transparent হয়ে কাজ করতে হবে। তিনি বলেন, আমাদেরকে Grey area গুলো চিহ্নিত করতে হবে এবং আরো বেশি নৈতিকতা সম্পন্ন হয়ে তার সমাধান করতে হবে।

০৪। সভার সদস্য মহাব্যবস্থাপক (হিসাব) বলেন, অবসর গ্রহন বা নথিতে অনুমোদনের ক্রমানুসারে কর্মকর্তা/কর্মচারীদেরকে তাদের পাওনাদি পরিশোধ করা হয়ে থাকে। এ বিষয়ে অবসর প্রাপ্ত বা PRL ছুটি ভোগরত কোন কর্মকর্তা কর্মচারী যেন স্বচ্ছ সেবা গ্রহন করে, সে কারণে যে যার কর্ণার হতে নিজ দায়িত্বে অবহিত করার অনুরোধ জানানো হয়।

-০২-

- ০৫। সিদ্ধান্ত :- সার্বিক আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় -
- ০১) আগামী ১৫ ফেব্রুয়ারীর মধ্যে দাপ্তরিক কাজে ইউনিকোডে নিকস ফন্ট ব্যবহার নিশ্চিত করতে হবে।  
বাস্তবায়নকারী - জনাব রয়েল দত্ত, সুপারিনটেনডেন্ট (প্রশাসন) সকল কম্পিউটারে ইউনিকোডে নিকস ফন্ট ইন্সটল নিশ্চিত করবে।
- ০২) আনুতোষিক প্রদানের/প্রাপ্তির ক্রমানুযায়ী তালিকা প্রয়োজনে হিসাব বিভাগ হতে সংগ্রহ করতে পারবে  
- বাস্তবায়নকারী -মহাব্যবস্থাপক (হিসাব)।

- ০৬। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(ইয়াসমিন আফসানা)  
নির্বাহী পরিচালক (অর্থ)

ও


সভাপতি

শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি

বিতরণঃ- কমিটির সকল সদস্য।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :-

- ০১। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দৃষ্টি আকর্ষণ : সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)।
- ০২। নির্বাহী পরিচালক (অর্থ)/(প্রযুক্তি)/(বাণিজ্য), বিএসসি, চট্টগ্রাম।
- ০৩। সকল বিভাগীয় প্রধান, বিএসসি, চট্টগ্রাম/ঢাকা/খুলনা।
- ০৪। সহকারী মহাব্যবস্থাপক টু ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি, চট্টগ্রাম।

  
mrs